# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ অনাবৃষ্টি হলে

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

অনাবৃষ্টি হলে

বৃষ্টি না হলে ইস্তিস্কার নামায পড়া সুন্নত। নামাযের পূর্বে খুতবায় হাত তুলে দুআ করা বিধেয়। এবং জুমআর খুতবায় হাত তুলে বৃষ্টির জন্য দুআ করা বিধিসম্মত। যেমন এই সময় অনেকানেক ইস্তিগফার করা কর্তব্য।

১।

الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ، الرَّحْمَنِ الرَّحِيمِ مَالِكِ يَوْمِ الدِّينِ ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ يَفْعَلُ مَا يُرِيدُ ، اللَّهُمَّ أَنْتَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْغَنِيُّ وَنَحْنُ الْفُقَرَاءُ ، أَنْزِلْ عَلَيْنَا الْغَيْثَ ، وَاجْعَلْ مَا أَنْزَلْتَ لَنَا قُوَّةً وَبَلَاغًا إِلَى حِينٍ

উচ্চারণঃ- আলহামদু লিল্লা-হি রাব্বিল আলামীন আর রাহমানির রাহীম, মা-লিকি য়্যাউমিদ্দীন, লা ইলা-হা ইল্লাল্লা-হু য়্যাফআলু মা য়ুরীদ, আল্লা-হুম্মা আন্তাল্লা-হু লা ইলা-হা ইল্লা আন্ত, আন্তাল গানিইয়্যু অনাহনুল ফুক্বারা, আনযিল আলাইনাল গাইসা অজআল মা আনযাল লানা কুউওয়াতাউঁ অ বালা-গান ইলা-হীন।

অর্থঃ সমস্ত প্রশংসা সেই আল্লাহর নিমিত্তে। যিনি বিশ্বজাহানের প্রতিপালক। যিনি অসীম করুণাময়, দয়াবান। বিচার দিবসের অধিপতি। আল্লাহ ছাড়া কোন সত্য উপাস্য নেই, তিনি যা ইচ্ছা তাই করেন। হে আল্লাহ! তুমিই আল্লাহ! তুমি ছাড়া কোন সত্য আরাধ্য নেই। তুমিই অভাবমুক্ত এবং আমরা অভাবগ্রস্ত। আমাদের উপর বৃষ্টি বর্ষণ কর এবং যা বর্ষণ করেছ তা আমাদের জন্য নির্দিষ্ট সময়কাল পর্যন্ত শক্তি ও যথেষ্টতার কারণ বানাও। (আবু দাউদ)

২।

اللهم اسقنا غيثا مغيثا، مريئا مريعا، نافعا غير ضار، عاجلا غير آجل

উচ্চারণঃ- আল্লা-হুম্মাসক্বিনা গাইসাম মুগীসাম মারীআম মারীআ'ন না-ফিআন গাইরা যা্দ্দরিন আ'-জিলান গাইরা আ-জিল।

অর্থঃ হে আল্লাহ! আমাদেরকে বৃষ্টি দান কর, প্রয়োজন পূর্ণকারী স্বাচ্ছন্দ্য ও উর্বরতা আনয়নকারী, লাভদায়ক ও হিতকর, এবং বিলম্বে নয় অবিলম্বে বর্ষণশীল বৃষ্টি। (আবু দাউদ)

৩।اللهم أغثنا اللهم أغثنا اللهم أغثنا উচ্চারণ- আল্লা-হুম্মা আগিসনা, আল্লা-হুম্মা আগিসনা, আল্লা-হুম্মা আগিসনা।

অর্থঃ অহে আল্লাহ! আমাদের জন্য পানি বর্ষণ কর। (বুঃ ১২২৪, মুঃ ২/৬১৩)

৪।

اللَّهُمَّ اسْقِ عِبَادَكَ وَبَهَائِمَكَ وَانْشُرْ رَحْمَتَكَ وَأَحْيِ بَلَدَكَ الْمَيِّتَ

উচ্চারণঃ- আল্লা-হুম্মাসকি ইবা-দাকা অবাহা-ইমাকা অনশুর রাহমাতাকা অআহয়ি বালাদাকাল মাইয়্যিত।

অর্থঃ হে আল্লাহ! তোমার বান্দাদের ও প্রাণীদের উপর পানি বর্ষণ কর এবং তোমার রহমত ছড়িয়ে দাও। আর তোমার মৃত দেশকে জীবিত কর। (আবু দাউদ ১৩০৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11767

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন